গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৮.১৮.৭ তারিখ: ২৩ পৌষ ১৪২৭
০৭ জানুয়ারি ২০২১

বিষয়: মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।

মন্ত্রিপরিষদ বিভাগের ১১ মার্চ ২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০০১.১৮.১০৭ নম্বর স্মারকে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিপত্র জারি করা হয়েছে। উক্ত পরিপত্রে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ প্রস্তাবের অনুলিপি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতির অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিবের নেতৃত্বে গঠিত পরিবীক্ষণ কমিটিতে প্রেরণ করবে মর্মে নির্দেশনা রয়েছে (কপি সংযুক্ত)। কিন্তু কোন কোন মন্ত্রণালয়/বিভাগ উক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করছে না বলে প্রতিয়মান হয়। এ বিষয়ে গত ০৭ ডিসেম্বর ২০২০ তারিখ, সোমবার বেলা ১১:০০ টায় মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব সোলতান আহ্মদ-এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

০২। এমতাবস্থায়, উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী পদ সৃজন/বিলুপ্তি সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরিত প্রস্তাবের অনুলিপি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতির অনুলিপিসহ নিম্নোক্ত ছকে তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| প্রস্তাব প্রেরণকারী মন্ত্রণালয়/বিভাগ | প্রস্তাবিত বিষয় | প্রেরিত প্রস্তাবের স্মারক ও তারিখ | প্রস্তাব প্রাপক মন্ত্রণালয়/বিভাগের নাম | প্রাপক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সম্মতি/অসম্মতি প্রদানে গৃহীত মোট কার্যদিবস | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

সংযুক্তি: বর্ণনামতে ০২ পাতা।

৭-১-২০২১
মোঃ ফিরোজ আহমেদ
উপসচিব
ফোন: ৯৫৫১১৫২
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: ad_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৮.১৮.৭/১ তারিখ: ২৩ পৌষ ১৪২৭
০৭ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ও আহ্বায়ক, মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নং- ০৪.০০.০০০০.৭১১.০৬.০০১.১৮-১০৭ তারিখঃ ২৭ ফাল্গুন ১৪২৪ / ১১ মার্চ ২০১৮

## পরিপত্র

বিষয়: মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি।

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি প্রস্তাব প্রক্রিয়াকরণের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ মার্চ ২০১৭ তারিখের ৫৩ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে "পদ সৃষ্টি, পদ স্থায়ীকরণ এবং জনবল নিয়োগ পদ্ধতি (রাজস্ব) প্রভৃতি সমজাতীয় কার্যক্রমকে আরও সহজতর করার লক্ষ্যে গঠিত কমিটি"র পরিবর্তে নিম্নরূপ নীতি ও পদ্ধতি অনুসৃত হবে:

(১) পদ সৃজন, বিলুপ্তি ইত্যাদির ক্ষেত্রে পৃথকভাবে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;

(২) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ হতে প্রস্তাব প্রাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয় প্রস্তাব পর্যালোচনা করে চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র/তথ্যাদির কোনো ঘাটতি থাকলে অনধিক ০৫ কার্যদিবসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে;

(৩) স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয় অনধিক ৩০ কার্যদিবসের মধ্যে সম্মতি/অসম্মতি জ্ঞাপন করবে;

(৪) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ হতে প্রস্তাব প্রাপ্তির পর অর্থ বিভাগ প্রস্তাব পর্যালোচনা করে চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র/তথ্যাদির কোনো ঘাটতি থাকলে অনধিক ০৫ কার্যদিবসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে;

(৫) স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রাপ্তির পর অর্থ বিভাগ অনধিক ৩০ কার্যদিবসের মধ্যে সম্মতি/অসম্মতি জ্ঞাপন করবে;

(৬) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ অর্থ বিভাগের সম্মতি গ্রহণ এবং বেতন স্কেল নির্ধারণের জন্য একই সঙ্গে প্রস্তাব প্রেরণ করবে। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান ও বাস্তবায়ন অনুবিভাগ সমন্বিতভাবে কাজ করে নির্ধারিত সময়ের মধ্যে একই স্মারকে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন এবং বেতন স্কেল নির্ধারণ করবে। সচিব, অর্থ বিভাগ ব্যয় নিয়ন্ত্রণ/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান ও বাস্তবায়ন অনুবিভাগের কার্যক্রম সমন্বয় করবেন;

(৭) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ প্রস্তাবের অনুলিপি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতির অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিবের নেতৃত্বে গঠিত নিম্নবর্ণিত পরিবীক্ষণ কমিটিতে প্রেরণ করবে:

(ক) **কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | আহ্বায়ক |
| (২) | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সওব্য), জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (ব্যয় নিয়ন্ত্রণ/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান), অর্থ বিভাগ | সদস্য |
| (৪) | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বাস্তবায়ন), অর্থ বিভাগ | সদস্য |
| (৫) | অতিরিক্ত সচিব, প্রস্তাব প্রেরণকারী মন্ত্রণালয়/বিভাগ | সদস্য |

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য
পূর্ববর্তী পৃষ্ঠা হতে আগত

**(খ) কমিটির কার্যপরিধি:**

(১) কমিটি প্রতি মাসে সার্বিক কাজের অগ্রগতি পর্যালোচনাপূর্বক প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রতিবেদন উপস্থাপন করবে;

(২) উল্লিখিত কমিটি পদ সৃজন, পদ স্থায়ীকরণ এবং সমজাতীয় কার্যক্রমের প্রস্তাব online-এ submission এর লক্ষ্যে একটি সফটওয়্যার তৈরির ব্যবস্থা নিবে;

(৩) কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কোন কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপট করতে পারবে;

**(গ) মন্ত্রিপরিষদ বিভাগ বর্ণিত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।**

রাষ্ট্রপতির আদেশক্রমে

১১/৩/২০১৮

(আয়েশা আক্তার)
উপসচিব
ফোনঃ ৯৫৫১১৫২
*E-mail: ad_sec@cabinet.gov.bd*

**বিতরণ:**

১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সিনিয়র সচিব (সকল)

............................................................ মন্ত্রণালয়/বিভাগ।

৩। সচিব (সকল)

.............................................................মন্ত্রণালয়/বিভাগ।

৪। অতিরিক্ত সচিব ...................................................................... মন্ত্রণালয়/বিভাগ।

৫। যুগ্মসচিব (ই-গভর্নেন্স), মন্ত্রিপরিষদ বিভাগ (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)